

This question paper contains <sup>2</sup>.....

Roll No.....

Sl no of Question paper... 181

Unique paper code : 208135

Name of the paper : Functional grammar & Skills in Language use

Name of the Course : B. A. (P) Bengali B

Semester : I

Time – 3 hours

M.M. – 75

1. নিচের প্রশ্নগুলির উত্তর দাও (যে কোন দুটি) 15 × 2 = 30
  - ক) ভাষার সংজ্ঞা দাও। ধ্বনি ও বর্ণের মধ্যে পার্থক্য নির্দেশ কর। স্বরধনির সংজ্ঞা দাও। প্রচলিত বাংলা বর্ণমালায় কয়টি স্বরধনি আছে ও কি কি?
  - খ) অপিনিহিতি, অভিশ্রুতি -এর সংজ্ঞা প্রদান কর।
  - গ) শব্দ কাকে বলে? উদাহরণ সহ শব্দের অর্থমূলক শ্রেণী বিভাগ কর।
2. সমার্থক শব্দ লেখঃ 5

আকাশ, অশ্ব, ঈশ্বর, কন্যা, চন্দ্র
3. বিপরীত শব্দ লেখঃ 5

অনুকূল, অগ্র, অন্তর, আকাশ, আনন্দ
4. তোমার এলাকায় জল সরবরাহ হচ্ছে না সেকথা জানিয়ে পৌরসভা প্রধানকে পত্র রচনা কর।  
অথবা 15

শারীরিক অসুস্থতা বশতঃ কলেজে উপস্থিত হতে পারনি সেকথা জানিয়ে প্রধান শিক্ষককে পত্র লেখ।

5. নিচের অংশটি পাঠ করে নিম্নলিখিত প্রশ্নের উত্তর দাও।

সিকিমে বেড়াতে যাওয়া হল আমার জীবনের এক বিশেষ অভিজ্ঞতা। পরিবারের সবাই মিলে ঠিক করলাম গ্যাংটকে যাব। বর্ধমান থেকে ৮.৩০ -এর ট্রেন ধরলাম নিউ-জলপাইগুড়ি যাওয়ার জন্য। সারা রাত আমরা গল্প করে কাটালাম। সকাল ৭টায় নিউ-জলপাইগুড়ি স্টেশনে পৌঁছলাম। কুয়াশা মাখা সকাল যেন শীতের চাদরে মুখ ঢেকেছে। ওখান থেকে গাড়ি ঠিক করে গ্যাংটকের উদ্দেশ্যে রওনা দিলাম। যাওয়ার পথে তিস্তা

নদী দেখলাম। ক্যামেরা যখন আমার সাথেই আছে তখন একটা মুহূর্তও বাদ দেওয়া যায় না। গাড়ি চলার সময়ই ছবি তুললাম। আমার এই একটাই শখ। আমি চলন্ত গাড়িতে ছবি তুলতে ভালোবাসি।

ছবি তুলতে তুলতে হঠাৎ দেখলাম একটা ঘুড়ি গাছের ডালে আটকে আছে। আমার মনে হল নীল ঘুড়িটা যেন ডানা মেলে আকাশে উড়ে যেতে চাইছে অথচ পারছে না। গ্যাংটকে পৌঁছে খাওয়া-দাওয়ার পর ঘুরতে বেরোলাম। আমরা এম.জি.রোড -এ গেলাম। ওখানকার বিখ্যাত মোমো খেলাম। এম.জি.রোড রাতের অন্ধকারে মেতে উঠেছিল। লোকের ভিড় দেখার মত ছিল। ছবির মত সাজানো পথঘাট দেখে মনে হল এই জায়গার সৌন্দর্য বজায় রাখার জন্য এখানকার স্থানীয় মানুষই দায়ী। পরের দিন তিসমগ লেক দেখতে বেড়িয়ে পড়লাম। এটা সিকিম থেকে ৩৫ কিলোমিটার দূরে। গ্যাংটক - নাথুলা হাইওয়েতে। চারিদিক বরফ ঢাকা পথ। এখানে বরফ গলে জল হয়ে লুস্তাজা নদীর সৃষ্টি হয়েছে। এখানে ইয়াকের পিঠে চেপে ঘোরা হল। তারপর ফেরার পথে নাথুলা পাস গেলাম। এটা ইন্ডিয়া-চাইনা বর্ডার। এখানে সেনাদের সঙ্গে ছবি তুললাম। পাহাড়ের বুকে 'সেভেন সিস্টার্স ওয়াটার ফল' দেখলাম। গেলাম 'হিমালয়ের জুলজিক্যাল পার্ক' দেখতে। এখানে লাল পান্ডা, ব্লু শিপ, বার্কিং ডিয়ার আর হিমালয়ের ব্ল্যাক ডিয়ার দেখলাম।

নিচের প্রশ্নগুলির উত্তর দাও:-

- |      |  |   |
|------|--|---|
| i.   | লেখক কোথায় বেড়াতে গিয়েছিলেন?              | 2 |
| ii.  | ট্রেন কখন জলপাইগুড়ি স্টেশনে পৌঁছলো?         | 2 |
| iii. | গ্যাংটকে যাত্রাপথে লেখকের কি অভিজ্ঞতা হল?    | 4 |
| iv.  | এম.জি.রোড -এ গিয়ে লেখকের কেমন লেগেছিল?      | 3 |
| v.   | তিসমগ লেকের ব্যাপারে লেখক কি বলেছেন?         | 2 |
| vi.  | হিমালয় জুলজিক্যাল পার্ক -এ কি কি পশু ছিল?   | 2 |
| 6.   | নিচের বাগধারার সাহায্যে অর্থসহ বাক্যরচনা করঃ | 5 |

চোখের চামড়া, আকাশ কুসুম, অরণ্যে রোদন, মগের মুলুক, শাঁখের করাত